# "ভিডিপি সদস্যদের সক্রিয় সহযোগীতায় দেশের মাদক সমস্যা নির্মূল করা সম্ভব", ভিডিপি পুরুষ সদস্যদের উদ্দেশ্যে জেলা প্রশাসক

0 রংপুর, সারাদেশ December 3, 2019 প্রিন্ট ইমেইল অ- অ+



গোলাম মোস্তফা রাঙ্গা : ০৩ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১০টায় কুড়িগ্রাম জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্রে চলমান জেলাভিত্তিক অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ কোর্সে উপস্থিত ভিডিপি সদস্যদের উদ্দ্যেশে অতিথি বক্তা হিসাবে বক্তব্য প্রদান কালে কুড়িগ্রামের জেলা প্রশাসক মোছাঃ সুলতানা পারভীন বলেন "আনসার বাহিনীর দেশের সর্ববৃহত শৃংখলা বাহিনী এবং তৃর্ণমূল পর্যায়ের তথ্য ভান্ডার। দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে থাকা এ বাহিনীর সদস্যদের প্রদত্ত তথ্যের মাধ্যমে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে এদেশ হতে মাদক সমস্যার সামাধান করা সম্ভব"। এসময় অন্যদের উপস্থিত ছিলেন কুড়িগ্রাম আনসার ও ভিডিপি'র সহকারী জেলা কমান্ড্যান্ট মোহাম্মদ টিটুল মিয়া, রাজারহাটের উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ ইব্রাহিম খান, উলিপুরের উপজেলা প্রশিক্ষক মোঃ শরিফুল ইসলাম।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কুড়িগ্রাম জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের হিসাবরক্ষক গোলাম মোস্তফা রাঙ্গা।

২১দিন মেয়াদি ২য় ধাপ প্রশিক্ষণ কোর্সটি ১৭ নভেম্বর শুরু হয়। কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলার ৯০ জন পুরুষ সদস্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। চলমান প্রশিক্ষণসমূহের বিভিন্ন দিবসে বিষয়ভিত্তিক অতিথি বক্তা হিসেবে বক্তব্য প্রদান করেন অতিরিক্ত পুলিশ সুপার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত) মোঃ মেনহাজুল আলম, সিভিল সার্জন ডাঃ হাবিবুর রহমান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ড. মোঃ মোস্তাফিজার রহমান প্রধান, জেলা মৎস্য কর্মকর্তা কালি পদ রায়, জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ জাহাঙ্গীর আলম রাকিব, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক ফুলবাড়ী শাখার ব্যবস্থাপক চন্দন গুহ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুড়িগ্রামের উপ-সহকারী পরিচালক মনোরঞ্জন সরকার। #